রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ/০৭ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও, নম্বর ২৪৬-আইন/২০২২।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন **'প্রিন্টিং প্রেস'** শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-ক ও তফসিল-খ তে বর্ণিত মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী হার হিসাবে ঘোষণা করিল, যথা :—

**তফসিল-ক**

**শ্রমিকের নিম্নতম মজুরী হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | বিভাগীয় শহর, জেলা শহর, উপজেলা ও অন্যান্য এলাকা | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরীর ৫০%, জেলা শহরে মূল মজুরীর ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১ (উচ্চতর দক্ষ-১) :**<br>১। সিনিয়র গ্রাফিক্স ডিজাইনার | বিভাগীয় শহর | ১৬৭০০/- | ৮৩৫০/- | ১০০০/- | ৪০০/- | ২৬৪৫০/- |



মূল্য : টাকা ৮.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ২। সিনিয়র অফসেট অপারেটর<br>৩। সিনিয়র সুপারভাইজার<br>৪। সিনিয়র স্ক্যানার মেশিন অপারেটর<br>৫। সিনিয়র স্ট্রিপার | জেলা শহর | ১৬৭০০/- | ৬৬৮০/- | ১০০০/- | ৪০০/- | ২৪৭৮০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ১৬৭০০/- | ৫৮৪৫/- | ১০০০/- | ৪০০/- | ২৩৯৪৫/- |
| ২। | **গ্রেড-২ (উচ্চতর দক্ষ-২) :**<br>১। সিনিয়র স্ক্যানার মেশিন অপারেটর<br>২। সিনিয়র অটো অফসেট মেশিন অপারেটর<br>৩। জুনিয়র অফসেট অপারেটর<br>৪। সিনিয়র মনো অপারেটর<br>৫। সিনিয়র ক্যামেরাম্যান<br>৬। সিনিয়র রিটাচার<br>৭। সিনিয়র ফোরম্যান<br>৮। জুনিয়র সুপারভাইজার<br>৯। জুনিয়র স্ট্রিপার<br>১০। সিনিয়র কম্পিউটার অপারেটর | বিভাগীয় শহর | ১৩৩০০/- | ৬৬৫০/- | ১০০০/- | ৪০০/- | ২১৩৫০/- |
| | | জেলা শহর | ১৩৩০০/- | ৫৩২০/- | ১০০০/- | ৪০০/- | ২০০২০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ১৩৩০০/- | ৪৬৫৫/- | ১০০০/- | ৪০০/- | ১৯৩৫৫/- |
| ৩। | **গ্রেড-৩ (দক্ষ-১) :**<br>১। সিনিয়র প্রুফ রিডার<br>২। কাটার (ডাই মেকার)<br>৩। গুয়িং মেশিনম্যান<br>৪। সিনিয়র প্লেট মেকার<br>৫। চিফ বাইন্ডার<br>৬। সিনিয়র পেস্টার<br>৭। সহকারী গ্রাফিক্স ডিজাইনার<br>৮। পেপার কাটিং ম্যান<br>৯। জুনিয়র অটো অফসেট মেশিন অপারেটর<br>১০। অফসেট সহকারী<br>১১। জুনিয়র রিটাচার<br>১২। জুনিয়র ফোরম্যান<br>১৩। সিনিয়র মনোকাস্টার<br>১৪। হেড ফ্লাট মেশিনম্যান<br>১৫। অটোমেটিক মেশিনম্যান<br>১৬। সিনিয়র প্রুফ রিডার<br>১৭। কাটার<br>১৮। ডাই কাটিং মেশিনম্যান<br>১৯। জুনিয়র স্ক্যানার মেশিন অপারেটর | বিভাগীয় শহর | ১০৮০০/- | ৫৪০০/- | ১০০০/- | ৪০০/- | ১৭৬০০/- |
| | | জেলা শহর | ১০৮০০/- | ৪৩২০/- | ১০০০/- | ৪০০/- | ১৬৫২০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ১০৮০০/- | ৩৭৮০/- | ১০০০/- | ৪০০/- | ১৫৯৮০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৪। | **গ্রেড-৪ (দক্ষ-২) :**<br>১। জুনিয়র প্রুফ রিডার | বিভাগীয় শহর | ৮৩৫০/- | ৪১৭৫/- | ১০০০/- | ৪০০/- | ১৩৯২৫/- |
| | ২। গ্লয়িং সহকারী মেশিনম্যান | জেলা শহর | ৮৩৫০/- | ৩৩৪০/- | ১০০০/- | ৪০০/- | ১৩০৯০/- |
| | ৩। সহকারী কাটার (ডাই মেকার)<br>৪। লেমিনেশন মেশিন অপারেটর<br>৫। ডাই কাটিং মেশিনম্যান<br>৬। ফয়েল মেশিন অপারেটর<br>৭। জুনিয়র মনো অপারেটর<br>৮। জুনিয়র মনোকাস্টার<br>৯। প্লাট মেশিনম্যান<br>১০। জুনিয়র প্লেট মেকার<br>১১। জুনিয়র ব্লক মেকার<br>১২। সিনিয়র টাচার<br>১৩। সিনিয়র বাইন্ডার<br>১৪। লাইনো বারম্যান<br>১৫। সিনিয়র ট্রেডল মেশিনম্যান<br>১৬। সহকারী অটোমেটিক মেশিনম্যান<br>১৭। সহকারী কারমো মেশিনম্যান<br>১৮। গ্লাইন্ডিং ম্যান<br>১৯। কাটার সহকারী<br>২০। সহকারী ডাই কাটিং মেশিনম্যান<br>২১। পেস্টার<br>২২। সিনিয়র মাউন্টার<br>২৩। ক্রিজিং মেশিনম্যান<br>২৪। পেপার বোর্ড কাটিংম্যান<br>২৫। কাটিং মেশিন অপারেটর<br>২৬। স্ক্যানার মিশিন অপারেটর | উপজেলা ও অন্যান্য এলাকা | ৮৩৫০/- | ২৯২৩/- | ১০০০/- | ৪০০/- | ১২৬৭৩/- |
| ৫। | **গ্রেড-৫ (আধা দক্ষ) :**<br>১। সহকারী ডাইং কাটিং | বিভাগীয় শহর | ৬৭০০/- | ৩৩৫০/- | ১০০০/- | ৪০০/- | ১১৪৫০/- |
| | মেশিনম্যান | জেলা শহর | ৬৭০০/- | ২৬৮০/- | ১০০০/- | ৪০০/- | ১০৭৮০/- |
| | ২। সহকারী প্লেট মেকার<br>৩। জুনিয়র প্লেট মেকার<br>৪। জুনিয়র পেস্টার<br>৫। জুনিয়র পেপার কাটিংম্যান | উপজেলা ও অন্যান্য এলাকা | ৬৭০০/- | ২৩৪৫/- | ১০০০/- | ৪০০/- | ১০৪৪৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৬। লেমিনেশন মেশিন সহকারী<br>৭। ফয়েল মেশিন সহকারী<br>৮। সহকারী কম্পোজিটর<br>৯। মেশিন সহকারী<br>১০। জুনিয়র টাচার<br>১১। জুনিয়র বাইন্ডার<br>১২। সিনিয়র প্রুফ বয়<br>১৩। গ্রেইনার<br>১৪। প্লেইট মেকার সাহায্যকারী<br>১৫। ব্লকের সাহায্যকারী<br>১৬। জুনিয়র মাইন্টার<br>১৭। সহকারী কাটিং মেশিন অপারেটর<br>১৮। জুনিয়র ট্রেডল মেশিনম্যান | বিভাগীয় শহর | ৬৭০০/- | ৩৩৫০/- | ১০০০/- | ৪০০/- | ১১৪৫০/- |
| | | জেলা শহর | ৬৭০০/- | ২৬৮০/- | ১০০০/- | ৪০০/- | ১০৭৮০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ৬৭০০/- | ২৩৪৫/- | ১০০০/- | ৪০০/- | ১০৪৪৫/- |
| ৬। | **গ্রেড-৬ (অদক্ষ) :**<br>১। অটো অফসেট মেশিন সহকারী<br>২। ডাই কাটিং হেলপার<br>৩। বাইন্ডার সহকারী<br>৪। পেপার কাটিং সাহায্যকারী<br>৫। লেমিনেশন মেশিন হেলপার<br>৬। ফয়েল মেশিন হেলপার<br>৭। সহকারী ট্রেডল মেশিনম্যান<br>৮। ইংকম্যান<br>৯। প্রুফ বয়<br>১০। সহকারী প্লেইনার<br>১১। মুদ্রণ সাহায্যকারী<br>১২। বাইন্ডিং সাহায্যকারী<br>১৩। কাটিং মেশিন সাহায্যকারী | বিভাগীয় শহর | ৫০০০/- | ২৫০০/- | ১০০০/- | ৪০০/- | ৮৯০০/- |
| | | জেলা শহর | ৫০০০/- | ২০০০/- | ১০০০/- | ৪০০/- | ৮৪০০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ৫০০০/- | ১৭৫০/- | ১০০০/- | ৪০০/- | ৮১৫০/- |

**শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস :

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৬৫০০ (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।

**তফসিল-খ**

**কর্মচারীর নিম্নতম মজুরী হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | বিভাগীয় শহর, জেলা শহর, উপজেলা ও অন্যান্য এলাকা | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরীর ৫০%, জেলা শহরে মূল মজুরীর ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১ :** সিনিয়র হিসাবরক্ষক | বিভাগীয় শহর | ১০৮০০/- | ৫৪০০/- | ১০০০/- | ৪০০/- | ১৭৬০০/- |
| | | জেলা শহর | ১০৮০০/- | ৪৩২০/- | ১০০০/- | ৪০০/- | ১৬৫২০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ১০৮০০/- | ৩৭৮০/- | ১০০০/- | ৪০০/- | ১৫৯৮০/- |
| ২। | **গ্রেড-২ :** ১। উচ্চমান সহকারী ২। হিসাবরক্ষক ৩। স্টোর কিপার ৪। ড্রাইভার | বিভাগীয় শহর | ১০১০০/- | ৫০৫০/- | ১০০০/- | ৪০০/- | ১৬৫৫০/- |
| | | জেলা শহর | ১০১০০/- | ৪০৪০/- | ১০০০/- | ৪০০/- | ১৫৫৪০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ১০১০০/- | ৩৫৩৫/- | ১০০০/- | ৪০০/- | ১৫০৩৫/- |
| ৩। | **গ্রেড-৩ :** ১। হিসাব সহকারী ২। নিম্নমান সহকারী ৩। টাইম কিপার ৪। টাইপিস্ট ৫। কম্পিউটার অপারেটর ৬। স্টোর এ্যাসিসটেন্ট ৭। টেলিফোন অপারেটর ৮। ক্যাশিয়ার ৯। সেলসম্যান | বিভাগীয় শহর | ৮৩৫০/- | ৪১৭৫/- | ১০০০/- | ৪০০/- | ১৩৯২৫/- |
| | | জেলা শহর | ৮৩৫০/- | ৩৩৪০/- | ১০০০/- | ৪০০/- | ১৩০৯০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ৮৩৫০/- | ২৯২৩/- | ১০০০/- | ৪০০/- | ১২৬৭৩/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৪। | গ্রেড-৪ :<br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইটগার্ড<br>৪। মালি<br>৫। সুইপার/ক্লিনার | বিভাগীয় শহর | ৬৭০০/- | ৩৩৫০/- | ১০০০/- | ৪০০/- | ১১৪৫০/- |
| | | জেলা শহর | ৬৭০০/- | ২৬৮০/- | ১০০০/- | ৪০০/- | ১০৭৮০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ৬৭০০/- | ২৩৪৫/- | ১০০০/- | ৪০০/- | ১০৪৪৫/- |

**শিক্ষানবিশ কর্মচারীর ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে ৬ (ছয়) মাস :

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৬৫০০ (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।

**শর্তাবলি :**

১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার ‘প্রিন্টিং প্রেস’ শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারী বর্তমানে যেই গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই প্রজ্ঞাপন জারির পরবর্তীতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্তকরত মজুরী স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত মজুরী মাসিক নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিক পক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে, এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা কর্মচারীকে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টারে কোনো শ্রমিক বা কর্মচারী ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী **'শ্রমিক'** বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক বা কর্মচারীর ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায় দায়িত্ব মালিক পক্ষের উপর বর্তাইবে এবং ঠিকাদার সরকার কর্তৃক শ্রমিক ও কর্মচারী জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত ৭ এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ১৫০ এবং ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমক ও কর্মচারীকে ফুরণভিত্তিক (Piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত হারে ও উপরিউক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন।

১০। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী ও বিভিন্ন শ্রমিক ও কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা প্রাপ্য হন উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী সমন্বয় করিয়া ১ (এক) বৎসর কর্মরত থাকার পরবর্তীতে শ্রমিক ও কর্মচারীর মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বাৎসরিক ভিত্তিতে মজুরী বৃদ্ধি পাইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে।

ব্যাখ্যা : যদি একজন শ্রমিকের মূল মজুরী ৫০০০ (পাঁচ হাজার) টাকা হয় তবে, এক বৎসর কর্মরত থাকিবার পর তাহার বাৎসরিক মজুরী বৃদ্ধি পাইয়া মূল মজুরী ৫২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ) টাকা নির্ধারিত হইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে অর্থাৎ মূল মজুরী ৫২৫০/- (পাঁচশত হাজার দুইশত পঞ্চাশ) টাকার ৫% (শতকরা পাঁচ শতাংশ) বৃদ্ধি পাইয়া ৫৫১২.৫০ (পাঁচ হাজার পাঁচশত বারো টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারিত হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধান অনুযায়ী ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো বিষয় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সূলতানা**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd